



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন

সংখ্যাঃ ৪১

বর্ষঃ চতুর্থ

মে ২০০৮

## ঢাকায় ৭০০ গ্রাম হেরোইনসহ ২ জন গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে গত ২০ মে ২০০৮ তারিখ সকাল ৯.০০ টায় মিরপুর থানাধীন ৫৬৭, মধ্য মনিপুর, ঢাকায় অভিযান পরিচালনা করে ৭০০ (সাতশত) গ্রাম হেরোইন, ১ টি হেরোইন মাপার নিঞ্জি, ১ টি ৫০ গ্রাম ওজনের বাটখারা, ১ টি মোবাইল সেট ও হেরোইন বিক্রিত ১৩,৫০০ (তের হাজার পাঁচশত) টাকাসহ (১) মোঃ খাবিরুল ইসলাম (২২), পিতাঃ মোঃ সেরাজুল ইসলাম, স্থায়ী সাং- বহিশালবাড়ী, থানা-গোদাগারী, জেলা-রাজশাহী, (২) মোঃ মাহাবুব রহমান (২৬), পিতা-মৃত শমসের আলী, স্থায়ী সাং- বহিশালবাড়ী, থানা- গোদাগারী, জেলা-রাজশাহী কে হাতেনাতে গ্রেফতার করে। এ ঘটনার সাথে জড়িত অপর আসামী আসাদুজ্জামান মানিক, পিতা- মোঃ নাছির উদ্দিন, থানা-গোদাগারী, জেলা রাজশাহী, হাল সাং-৫৬৭, মধ্য মনিপুর পলাতক রয়েছে। তারা দীর্ঘদিন যাবৎ রাজশাহীর সীমান্ত এলাকা দিয়ে হেরোইন পাচার করে ঢাকার বিভিন্ন মাদকস্পটে সরবরাহ করে আসছিল বলে প্রাথমিকভাবে জানা যায়। এ বিষয়ে আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ এর সংশ্লিষ্ট

ধারায় মিরপুর থানায় মামলা দায়ের করা হয়েছে, যা বর্তমানে তদন্তাধীন রয়েছে।



৭০০ গ্রাম হেরোইনসহ গ্রেফতারকৃত খাবিরুল ইসলাম ও মাহাবুব রহমান।

## ফরিদপুরে ৯ জনের যাবজ্জীবন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফরিদপুর উপ-অঞ্চলের সদর সার্কেল কর্তৃক বিভিন্ন সময়ে দায়েরকৃত ৬ (ছয়) টি মাদক অপরাধের মামলায় বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ, ২য় আদালত, ফরিদপুর এপ্রিল/০৮ মাসে ৯ (নয়) জন আসামীকে যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করেছেন। যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামীরা হচ্ছে, (১) মোসাম্মদৎ মনোয়ারা বেগম (২৮), স্বামী- ফারুক মন্ডল, (২) মোসাম্মৎ হেলেনা বেগম (২৭), স্বামী-হারেজ আলী, (৩) মোসাম্মৎ আনোয়ারা বেগম (৪০), স্বামী- মোঃ নিজাম, সর্বসাং-চানপুর, থানা- দামুরছদা, জেলা-চুয়াডাংগা, (৪) মোসাম্মৎ রাসিদা বেগম, স্বামী মোঃ জাফর, সাং-তিললা, থানা-কালীগঞ্জ, জেলা-ঝিনাইদহ, (৫) মোঃ মজিবর রহমান (৩৫), পিতা-মৃত ছায়েব আলী, সাং-রামনগর, থানা ও জেলা- ঝিনাইদহ, (৬) আকবর (পলাতক), পিতা- জাকাত, সাং- বাকুলিয়া, থানা-কালীগঞ্জ, জেলা-ঝিনাইদহ, (৭) হাসিনা (৩৫), স্বামী-তৈয়ব আলী, সাং-আড়াপাড়া, থানা-কালীগঞ্জ, জেলা- ঝিনাইদহ, (৮) তাসলিমা, স্বামী-ইউসুফ হাওলাদার, সাং-সদর রোড, থানা-কোতয়ালী, জেলা-বরিশাল, (৯) মুক্তা, স্বামী-খোকন হাওলাদার, সাং-সদর রোড (হাসপাতাল রোড), থানা- কোতয়ালী, জেলা-বরিশাল।

## মাদকবিরোধী আন্তর্জাতিক দিবসের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠান

গত ৪ মে ২০০৮ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ হুমায়ুন কবীরের সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলন কক্ষে ২৬ জুন, ২০০৮ “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস” সুন্দর ও সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে গঠিত প্রধান কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ, আঞ্চলিক ও গোয়েন্দা কর্মকর্তাবৃন্দ এবং কেন্দ্রীয় মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের চীফ কনসালট্যান্ট উপস্থিত ছিলেন। সভায় দেশব্যাপী মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবসের প্রস্তুতি সম্পর্কে উপ-কমিটির আহ্বায়কগণ স্ব-স্ব কমিটির কার্যক্রমের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় মানববন্ধন, রচনা প্রতিযোগিতা, লিফলেট, স্টিকার বিতরণ, আলোচনা অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা হয়।

আপনার নিষ্পাপ সন্তানদের নেশা থেকে বাঁচান  
**DON'T MAKE THEM  
A DRUG GENERATION**

## সম্পাদকের কথা

## মাদকমুক্ত নারী সমাজ চাই

বর্তমান বিশ্বের একটি মারাত্মক সমস্যা হচ্ছে মাদকের অপব্যবহার ও অবৈধ পাচার। মাদকের অপব্যবহারের ফলেই অনেক সম্ভাবনাময় সুন্দর জীবন অকালে ঝরে যাচ্ছে। অত্যন্ত উদ্বেগের বিষয় হচ্ছে মাদক পাচারের সাথে জড়িয়ে পড়ছে মহিলারা। সমাজের অসহায়, অত্যাচারিত, অবহেলিত, প্রতারিত ও ভাগ্যবঞ্চিত মহিলারা জীবনের তাগিদে এ ব্যবসার দিকে ঝুঁকি পড়ছে। আর যারা একবার মাদকের ব্যবসার সাথে জড়িয়ে পড়ছে তারা এ অপরাধ থেকে বেড়িয়ে আসতে পারছেন না। মে/২০০৮ মাসে ফরিদপুরে যে ০৯ জনের যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে তাদের মধ্যে ০৪ জনই মহিলা। এ অবস্থা আমাদের দেশের মত উন্নয়নশীল দেশের জন্য সত্যিই শংকিত হবার মত বিষয়। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে পুরুষের পাশাপাশি মহিলাদের অবদান অনস্বীকার্য। বর্তমান বিশ্বায়নের যুগে দেশের মানব সম্পদ উন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধি আনয়নের জন্য নারী সমাজকে এগিয়ে আসতে হবে। এর জন্য প্রয়োজন নারীদের সুশিক্ষায় শিক্ষিত ও স্বাবলম্বী করে তোলা। সমাজের প্রত্যেক নারী সংসারের মধ্যে থেকে অথবা সং পেশায় নিয়োজিত থেকে যার যার যোগ্যতা অনুযায়ী জাতি গঠনে অবদান রাখতে পারেন। কিন্তু নারীরা কেন, কোন অবস্থায় পড়ে মাদকের মত ঘৃণ্য ব্যবসায় জড়িয়ে পড়ছে তা সচেতন সমাজকে অবশ্যই ভেবে দেখতে হবে। জাতির বৃহত্তর স্বার্থেই নারীদেরকে সুস্থ জীবনের নিরাপত্তা বিধানের মাধ্যমে জাতি গঠনে তাদের অবদানকে কাজে লাগাতে হবে। নতুবা এসমস্যা আরো প্রকট আকার ধারণ করতে পারে।

## মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬

## জুনের জেলা পর্যায়ের কর্মসূচী

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে জেলা পর্যায়ের প্রস্তাবিত কর্মসূচী নিম্নরূপঃ

- (১) প্রতি জেলায় ০২ টি গ্রুপে রচনা প্রতিযোগিতার আয়োজন।  
“ক” গ্রুপঃ- মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা পর্যায়ের ছাত্র/ছাত্রীদের জন্য অনূর্ধ্ব ১০০০ শব্দের বিষয়ভিত্তিক রচনা। “খ” গ্রুপঃ-কলেজ ও মাদ্রাসা পর্যায়ের ছাত্র/ছাত্রীদের জন্য অনূর্ধ্ব ১৫০০ শব্দের বিষয়ভিত্তিক রচনা। রচনা প্রতিযোগিতার বিষয় স্ব-স্ব অতিরিক্ত পরিচালক নির্ধারণ করবেন।
- (২) প্রচারণা সংক্রান্ত কার্যক্রম গ্রহণঃ  
২০ - ২২ জুন-গণসংযোগের জন্য মাইকিং ;  
২৩ জুন-মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান;  
২৪ জুন-সিনেমা স্লাইড/প্রামাণ্য চিত্র প্রদর্শনী (ঘুন, চোখ মেলে চাও ইত্যাদি);  
২৫ জুন-লিফলেট, পোস্টার বিলি;  
২৬ জুন-আলোচনা সভা।
- (৩) স্থানীয় এনজিওসমূহ কর্তৃক সমন্বিত কর্মসূচির মাধ্যমে প্রচারণামূলক ব্যবস্থা গ্রহণ;
- (৪) ২৬ জুন সকল স্থানীয় পত্রিকায় প্রধান শিরোনাম হিসেবে “দিবসের” খবরটি প্রকাশের উদ্যোগ গ্রহণ;
- (৫) ছাত্র-ছাত্রীদের মাঝে দিবসটির তাৎপর্য তুলে ধরার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জ্ঞাপন;
- (৬) প্রযোজ্য ক্ষেত্রে মাদকবিরোধী ডিটক্সিফিকেশন ক্যাম্প/ তথ্যকেন্দ্র স্থাপন;
- (৭) স্থানীয়ভাবে সুবিধাজনক অন্যান্য কর্মসূচি গ্রহণ।

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক এপ্রিল/০৮ মাসের মামলার পরিসংখ্যানঃ

ক্র/নং	উপ-অঞ্চলের নাম	দায়েরকৃত মামলার সংখ্যা	আসামীর সংখ্যা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	১১৩	১১৯
২	ঢাকা উপ-অঞ্চল	৫১	৬৭
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	২৭	২৮
৪	ফরিদপুর উপ-অঞ্চল	১৭	১৭
৫	টাংগাইল উপ-অঞ্চল	৭	৮
৬	জামালপুর উপ-অঞ্চল	৮	৯
৭	চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল	৪২	৪২
৮	চট্টগ্রাম উপ-অঞ্চল	১৮	১১
৯	সিলেট উপ-অঞ্চল	৩৭	২৮
১০	নোয়াখালী উপ-অঞ্চল	১৩	২০
১১	কুমিল্লা উপ-অঞ্চল	২৪	২৬
১২	কক্সবাজার উপ-অঞ্চল	৯	৭
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	৪	৬
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	৩	৩
১৫	বান্দরবান উপ-অঞ্চল	১	১
১৬	খুলনা উপ-অঞ্চল	৩১	৪২
১৭	যশোর উপ-অঞ্চল	৩৪	৪৫
১৮	কুষ্টিয়া উপ-অঞ্চল	১৫	২০
১৯	বরিশাল উপ-অঞ্চল	৬	৬
২০	পটুয়াখালী উপ-অঞ্চল	৮	৮
২১	রাজশাহী উপ-অঞ্চল	৬০	৬৯
২২	পাবনা উপ-অঞ্চল	২৬	৩২
২৩	বগুড়া উপ-অঞ্চল	২১	২১
২৪	রংপুর উপ-অঞ্চল	৩৩	৩৪
২৫	দিনাজপুর উপ-অঞ্চল	১৯	২৫
২৬	ঢাকা গোয়েন্দা অঞ্চল	১২	২৫
২৭	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	৮	৭
২৮	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	৯	১২
২৯	খুলনা গোয়েন্দা অঞ্চল	৭	৮
সর্বমোটঃ		৬৬৩	৭৪৬

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

এপ্রিল/০৮ মাসে সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে ৪২৭ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এপ্রিল/০৮ মাসে নিরাময় কেন্দ্রভিত্তিক প্রদত্ত চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপঃ

কেন্দ্রের নাম	অন্তঃ বিভাগ	বহিঃ বিভাগ	মোট	নতুন	পুরাতন
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা	৬৫	২৫৩	৩১৮	১২৭	১৯১
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম	৬	৭	১৩	১৩	-
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা	-	-	-	-	-
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী	-	-	-	-	-
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর	৫	২৮	৩৩	১২	২১
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী	-	-	-	-	-
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা	৪৫	১৮	৬৩	১৯	৪৪
মোট	১২১	৩০৬	৪২৭	১৭১	২৫৬

## অধিদপ্তরের রঞ্জুকৃত মামলার আলামত সংক্রান্ত পরিসংখ্যান

অধিদপ্তরের এপ্রিল/০৮ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

মাদকদ্রব্যের নাম	মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	মাদকদ্রব্যের পরিমাণ
হেরোইন	৯৩	১১৫	২.৩৫৬ কেজি
গাঁজা	২১৫	২৩১	১৫০.১৫৮ কেজি
গাঁজা গাছ	৩	৩	১৪৫১ টি
অবৈধ চোলাই মদ	১৭৪	১৭৮	২৪৭৬.৬ লিটার
দেশী মদ	২	১০	১০২৮ লিটার
বিদেশী মদ	১৫	১০	৩৪০ বোতল
বিয়ার	১	২	৫০৬ ক্যান
রেস্টিফাইড স্পিরিট	৪	৬	৮০.২ লিটার
ডিনোচার্ড স্পিরিট	৭	৭	৩০০ লিটার
ফেলিডিল	১০৪	১৩৩	৩৬৪৩ বোতল
ফেলিডিল	১	১	৬ লিটার
তাড়ী (টোডি)	১৭	১৬	৮৯০ লিটার
পেথিডিন	২	৪	৩ গ্র্যাম্পুল
টি.ডি জেসিক ইঞ্জেকশন	৬	৮	১১২ গ্র্যাম্পুল
জাওয়া	৩	৩	৩৩৮২০ লিটার
বনোজেসিক ইঞ্জেকশন	১২	১৬	১৬৬ গ্র্যাম্পুল
রিকোডেক্স/কডোকপ সিরাপ	৩	২	৫৭ বোতল
পটাশিয়াম পারম্যাংগানেট	১	১	৩ কেজি
নগদ অর্থ			১৯৪৫০০ টাকা
প্রাইভেট কার			২ টি
সি. এন. জি			২ টি
মোবাইল সেট			২৮ টি
রিভালবার			১ টি
মোটর সাইকেল			১ টি
মোট	৬৬৩	৭৪৬	

## প্রিকারসর কেমিক্যাল আমদানি

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বর্তমান অর্থবছরের শুরু থেকে এপ্রিল/০৮ পর্যন্ত বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা ও আমদানীর পরিমাণ নিম্নরূপঃ

প্রিকারসর কেমিক্যালের নাম	আমদানির বার্ষিক কোটার পরিমাণ	জুলাই/০৭ হতে এপ্রিল/০৮ পর্যন্ত আমদানীর পরিমাণ	এপ্রিল/০৮ মাসে আমদানীর পরিমাণ
টলুইন	৮,৯২৫.৭৯৯ মেঃ টন	১৪৬১.৫৮৭ মেঃ টন	১৪৭.৬৭৫ মেঃ টন
এসিটিক এনহাইড্রাইড	১,২৫৬.৯৩৫ মেঃ টন	৪০৫.৬০০ মেঃ টন	৮৮.৩২০ মেঃ টন
এসিটোন	৪,৪১৬.২৩১ মেঃ টন	৬৪৪.৩২ মেঃ টন	২৫.৬০ মেঃ টন
মিথাইল ইথাইল কিটোন	৩,০০১.৪১৭ মেঃ টন	৪২১.৮৩৫ মেঃ টন	৫৪.৫১ মেঃ টন
পটাশিয়াম পারম্যাংগানেট	১,৭৫৭ মেঃ টন	১১৮.৪০ মেঃ টন	-

এ অধিদপ্তরের অনুমোদন ছাড়া যারা প্রিকারসর কেমিক্যাল এর ব্যবসা পরিচালনা করছে তাদের সম্পর্কে পরিচালক (অপারেশনস) এর নিকট সংবাদ প্রদানের জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। যোগাযোগের জন্য টেলিফোন নং-৮৩১২২৪৯।

## মাদক অপরাধের মামলা নিষ্পত্তি

এপ্রিল/০৮ মাসে মোট ১৫৩৩ টি মামলা নিষ্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ৬২৪ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ৯০৫ টি। অন্যান্যভাবে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৪ টি। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা ৭০৬ জন এবং খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ৯১৯ জন। এপ্রিল/০৮ মাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৩৪৩২০। উপ-অঞ্চলভিত্তিক নিষ্পত্তিকৃত মামলার বিবরণ নিম্নে উপস্থাপন করা হল।

ক্রঃ নং	উপ-অঞ্চলের নাম	সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা	সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা	এপ্রিল/০৮ পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	৩৮	৪৪	৩৫৬৭
২	ঢাকা উপ-অঞ্চল	৪	৪	৩৬৭৫
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	৩	১২	২৪৭১
৪	ফরিদপুর উপ-অঞ্চল	৯	৯	৫০৬
৫	টাংগাইল উপ-অঞ্চল	২	২	৪৭৭
৬	জামালপুর উপ-অঞ্চল	২	৩	৪৬১
৭	ঢাকা গোয়েন্দা অঞ্চল	-	-	-
৮	চট্টগ্রাম মেট্রো উপ-অঞ্চল	৩৬৩	৪০৮	২২৯৫
৯	চট্টগ্রাম উপ-অঞ্চল	৪০	৪০	৯১২
১০	নোয়াখালী উপ-অঞ্চল	৪	৪	৬৮৫
১১	কুমিল্লা উপ-অঞ্চল	২৪	২৪	১৬০২
১২	কক্সবাজার উপ-অঞ্চল	১৮	২৪	৬৩৯
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	১	১	১৮৪
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	-	-	১৪
১৫	বান্দরবান উপ-অঞ্চল	-	-	৭২
১৬	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	২৭	৩৪	৪৫২
১৭	সিলেট উপ-অঞ্চল	৮	৮	২৪৪২
১৮	খুলনা উপ-অঞ্চল	১৮	২১	৯৩২
১৯	যশোর উপ-অঞ্চল	৪	৪	১২২২
২০	কুষ্টিয়া উপ-অঞ্চল	৮	৮	৬১৯
২১	খুলনা গোয়েন্দা অঞ্চল	২	২	১২২
২২	বরিশাল উপ-অঞ্চল	-	-	২৭০
২৩	পটুয়াখালী উপ-অঞ্চল	২	৩	১০১
২৪	রাজশাহী উপ-অঞ্চল	৩১	৩৩	৪১৫৫
২৫	পাবনা উপ-অঞ্চল	৩	৩	১৫৭৩
২৬	বগুড়া উপ-অঞ্চল	১	১	১১৪০
২৭	রংপুর উপ-অঞ্চল	৯	৯	১৯২২
২৮	দিনাজপুর উপ-অঞ্চল	৩	৫	১৪৭২
২৯	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	-	-	৩৩৮
সর্বমোটঃ		৬২৪	৭০৬	৩৪৩২০

## শেষের পাতা

# মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুনের জাতীয় কর্মসূচী

প্রতিবছর বিশ্বব্যাপী ২৬ জুন “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস” হিসেবে পালন করা হয়। দিবসটির এ বছরের জাতিসংঘ ঘোষিত শ্লোগান “Do drugs control YOUR LIFE? (মাদক কি আপনার জীবন নিয়ন্ত্রণ করে?)” “Your life. Your Community. No place for drugs.(আপনার জীবন ও সমাজে মাদকের কোন স্থান নেই)”। বাংলাদেশে মাদক বিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলাই এ দিবস পালনের মূল লক্ষ্য। দিবসটি উপলক্ষে জাতীয় পর্যায়ে নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করা হয়।

১।	ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান।	২৬ জুন'০৮
২।	মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা, স্বরাষ্ট্র সচিব, অধিদপ্তরের মহাপরিচালকের বাণী এবং অধিদপ্তরের কার্যক্রম সম্বলিত চারটি বাংলা ও দুইটি ইংরেজী দৈনিক সংবাদপত্রে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ।	২৬ জুন'০৮
৩।	ছাত্র-ছাত্রীদের জন্য বাংলাদেশ শিশু একাডেমী প্রাঙ্গণে বেসরকারী সংস্থার সহযোগিতায় চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ।	২১ জুন'০৮
৪।	স্কুল-কলেজ ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতা।	রচনা জমা দানের সর্বশেষ তারিখ ১৫ জুন'০৮
৫।	সুভেনিয়ার প্রকাশ।	২৬ জুন'০৮
৬।	বেতার, টেলিভিশন ও পত্র-পত্রিকায় মাদক বিরোধী প্রচারণা ও আলোচনা অনুষ্ঠান।	২০-২৬ জুন'০৮
৭।	কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের ব্যবস্থাপনায় মাদকাসক্তদের জন্য অস্থায়ী ডিটক্সিফিকেশন ক্যাম্প স্থাপন।	২০-২৬ জুন'০৮
৮।	বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য ইলেকট্রনিক মিডিয়ায় ও বেসরকারী সংস্থার মাধ্যমে মাদকবিরোধী তথ্যচিত্র প্রদর্শন।	২০-২৬ জুন'০৮
৯।	বিভিন্ন এনজিওর সহযোগিতায় মাদকবিরোধী ব্যানার, ফেস্টুনসহ “মানববন্ধন” কর্মসূচী।	২৬ জুন'০৮ সকাল ৯.০০ ঘটিকা
১০।	মাদকবিরোধী শ্লোগান, এ বছরের প্রতিপাদ্য বিষয় ও লোগো সম্বলিত ব্যানার, পোস্টার, ফেস্টুন ইত্যাদি দ্বারা গুরুত্বপূর্ণ সড়কদ্বীপ সজ্জিত করা।	২৬ জুন'০৮

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মাসিক বুলেটিন, মে/২০০৮

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধ করার জন্য দেশে প্রচলিত আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি প্রয়োজন এ বিষয়ে ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম। এ লক্ষ্যকে সামনে রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ে ব্যাপক গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। এপ্রিল/০৮ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সম্পাদিত নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

ক্র/নং	কর্মসূচীর নাম	সংখ্যা ২০০৮ সাল	
		এপ্রিল	জানু-এপ্রিল
১।	মাইকিং কর্মসূচী-	১১ টি	৫৬ টি
২।	ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক সভা	২ টি	৯ টি
৩।	মাদকবিরোধী আলোচনা সভা-	৫৩৯ টি	২০৮১ টি
৪।	অভিযানকালে গণসচেতনতা কার্যক্রম-	২১ টি	১২১ টি
৫।	শ্রেণী বক্তৃতা	১৭ টি	৬৮ টি
৬।	বুলেটিন বিতরণ কর্মসূচী-	১৫০ টি	১১০০ টি
৭।	প্রশিক্ষণ কর্মসূচী-	৩ টি	১১ টি
৮।	লিফলেট বিতরণ	৫০০০ টি	৪৭০০০ টি
৮।	অন্যান্য কর্মসূচী-	৬ টি	৮ টি

## রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অঞ্চলভিত্তিক ২০০৭ সালের এপ্রিল মাসের সাথে ২০০৮ সালের এপ্রিল মাসের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী নিম্নরূপঃ

ক্র/নং	অঞ্চলের নাম	এপ্রিল/০৭	এপ্রিল/০৮
১।	ঢাকা অঞ্চল	৩৬,৪৭,৩৯৩.০০	৪১,৯২,০৯১
২।	চট্টগ্রাম অঞ্চল	৬৩,৭৩,২৫৩.০০	৭৬,৩৪,৮১৭
৩।	খুলনা অঞ্চল	২,৩২,৯৩,২০৩.০০	২,৩৩,৬১,৩৩৯.৯৮
৪।	রাজশাহী অঞ্চল	৫৯,০৬,১৬০.০০	৬৪,৭৭,২৯৮.২০
মোট		৩,৯২,২০,০০৯	৪,১৬,৬৫,৫৪৬.১৮

## রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিডিআর, কাস্টমস, র্যাব ও কোস্টগার্ডসহ সকল আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহৃত বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকারসর ক্যামিকেলস এর রাসায়নিক পরীক্ষা কার্য সম্পন্ন করা হয়। এপ্রিল/০৮ মাসের রাসায়নিক পরীক্ষার হিসেব নিম্নরূপঃ

নমুনা প্রেরণকারী সংস্থা	মামলা সংখ্যা	রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ			পেভিড/স্থগিত
		পজিটিভ	নিগেটিভ	মোট	
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	৭০৮	৭০৭	১	৭০৮	-
পুলিশ	৮৮৬	৮৮৪	১	৮৮৫	১
বিডিআর	১	১	-	১	-
র্যাব	১	১	-	১	-
সর্বমোট	১৫৯৬	১৫৯৩	২	১৫৯৫	১

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ওয়েজ আর্নান্স হোস্টেল ভবন (লেভেল-৮), ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত। টেলিযোগাযোগঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।